



সূর্য সেন হলের সিঁড়িতে জিন্নাহর ছবি, নোংরামির চূড়ান্ত সীমা: ছাত্রশক্তি নেতা



জাতীয় ছাত্রশক্তির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হাসিব আল ইসলাম। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্য সেন হলের সিঁড়িতে মুহাম্মদ আলী জিন্নাহর ছবি স্টেটে দেওয়ার ঘটনাকে ‘নোংরামির চূড়ান্ত সীমা’ বলে মন্তব্য করেছেন জাতীয় ছাত্রশক্তির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হাসিব আল ইসলাম।

বুধবার (১৬ সেপ্টেম্বর) রাতে নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে হাসিব আল ইসলাম লিখেছেন, ‘সূর্য সেন হলের সিঁড়িতে জিন্নাহর ছবি স্টেটে দিয়ে নোংরামির চূড়ান্ত সীমা অতিক্রম করা হচ্ছে বলে মনে করছি।’

জিন্নাহর রাজনৈতিক সমালোচনার বিষয়ে হাসিব আল ইসলাম লিখেছেন, ‘সাতচল্লিশ-পরবর্তী মোহাম্মদ আলী জিন্নাহর রাজনৈতিক সমালোচনা আমরা অবশ্যই করব।’ তবে জিন্নাহকে নিয়ে মাত্রাতিরিক্ত নোংরামি ও হেট্টেডের পর্যায়ে নিয়ে গেলে চূপ থাকা অন্যায় হবে বলেও মন্তব্য করেন তিনি।

জিন্নাহ ইস্যুতে ছাত্রদলের কিছু নেতাকর্মীর ভূমিকা নিয়েও নিজের পোস্টে মন্তব্য করেন হাসিব আল ইসলাম। তিনি লিখেছেন, ‘ছাত্রদলের কিছু নেতাকর্মী না বুঝেই জিন্নাহ ইস্যুতে আওয়ামী প্রত্নি পলিটিক্স করছেন।’

একই পোস্টে হাসিব আল ইসলাম ‘দিল্লিপন্থি মুজিববাদী আওয়ামী সিমপ্যাথাইজার বামদের বয়ানের’ ব্যাপারেও সতর্ক থাকার আহ্বান জানান।

বাংলাদেশের ভূখণ্ডের সঙ্গে জিন্নাহর বিরোধের ধরন ব্যাখ্যা করতে গিয়ে হাসিব আল ইসলাম লিখেছেন, ‘জিন্নাহর সঙ্গে আমাদের ভূখণ্ডের দ্বন্দ্ব মূলত রাজনৈতিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক অধিকার এবং প্রাপ্তি-অপ্রাপ্তির হিস্যা সংক্রান্ত।’

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) সংগ্রহশালায় জিন্নাহর ছবি প্রদর্শনকে কেন্দ্র করে ক্যাম্পাসে বিতর্কের সৃষ্টি হয়। এর মধ্যে সংগ্রহশালার ছবি ছিঁড়ে ফেলা ও অপসারণের ঘটনা ঘটে। পরে জিন্নাহ ও গোলাম আযমের ছবি নিয়ে শিক্ষার্থীদের পাল্টাপাল্টি অবস্থানও দেখা যায়। এরই ধারাবাহিকতায় সূর্য সেন হলের সিঁড়িতে জিন্নাহর ছবি স্টেটে দেওয়ার ঘটনাটি সামনে আসে।